



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

MEGHNA LIFE INSURANCE CO. LTD.

সূত্র : এমএলআই/প্রশংকা/প্রশং/৩১৯/২০২২/১১২১

০২ নভেম্বর ২০২২

সার্কুলার

বিষয় : উৎসাহ বোনাস (Incentive Bonus)-২০২১।

আনন্দের সহিত সর্ধশ্রুটি সকলকে অবহিত করা যাচ্ছে যে, ২২/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ১৫৪ তম সভায় কোম্পানীর প্রশাসনিক কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে ৩১/১২/২০২১ তারিখে সমাপ্ত হিসাব বছরের জন্য ০২ (দুই) টি উৎসাহ বোনাস (Incentive Bonus) প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে নিম্নবর্ণিত নীতিমালা (guidelines) ও শর্তাবলীর আওতায় ২০২১ সালের উৎসাহ বোনাস প্রদান (disburse) করার জন্য নির্দেশ দেয়া হলো :

- ১-(ক) কোম্পানীর প্রধান কার্যালয় ও সকল ডিভিশনের স্থায়ী/চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারী, সকল ড্রাইভার এবং প্রধান কার্যালয়ে কর্মরত সুইপার ২০২১ সালের উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। জোন, শাখা ও CSC-তে থোক বেতনে (ড্রাইভার ব্যতীত) নিয়োজিত/বাবসা আহারণের লক্ষ্যমাত্রার ভিত্তিতে নিয়োজিত ব্যক্তিগণ এ বোনাস পাবেন না। উন্নয়ন কর্মকর্তা যারা উন্নয়ন পে-স্কেলভুক্ত তারাও এ বোনাস পাবেন না। যে সমস্ত উন্নয়ন কর্মকর্তাগণ উন্নয়ন হতে প্রশাসনে আত্মীকরণকৃত হয়েছেন তারাও শর্ত পূরণ সাপেক্ষে উৎসাহ বোনাস পাবেন।
 - (খ) ০১/০৭/২০২১ তারিখে যারা যোগদান করেছেন তারা বোনাস প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন। তবে এর পূর্বে শিক্ষানবিস হিসেবে যোগদান করলেও তারা বোনাস প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন না। তাদেরকে ২০২১ সালে কমপক্ষে ০৬ মাস স্থায়ীভাবে চাকরি করতে হবে। পূর্ব বোনাস প্রাপ্তির জন্য ০১/০১/২০২১ হতে ৩১/১২/২০২১ পর্যন্ত ১২ মাস অবিচ্ছেদ্যভাবে চাকরিরত থাকতে হবে। যোগ্য (eligible) অথচ চাকরিকাল ১২ মাস পূর্ণ হয় নাই, এমন কর্মকর্তা/কর্মচারী আনুপাতিকহারে (pro rata basis) বোনাস পাবেন।
 - (গ) আনুপাতিক হারে বোনাসের পরিমাণ হবে $(৩১/১২/২০২১$ তারিখের মূল বেতন + $৩৬৫) \times ২০২১$ সনের কর্মদিবস $\times ২$ । কেহ বিনা বেতনে ছুটি ভোগ করলে বিনা বেতনের দিন/দিনগুলো কর্মদিবস হতে বাদ যাবে। শুক্র ও শনিবার তথা সাপ্তাহিক ছুটির দিন ও সরকারি গেজেটেড ছুটির দিন কর্মদিবস হিসেবে বিবেচিত হবে।
 - (ঘ) ৩১/১২/২০২১ তারিখে প্রাপ্ত মূল বেতনের (basic pay) সমপরিমাণ অথবা স্থির (consolidated) বেতনের ৫০%-কে মূল বেতন বিবেচনা করে বোনাস প্রদান করতে হবে।
 - (ঙ) বোনাস প্রদানের (disbursement) তারিখে সর্ধশ্রুটি কর্মকর্তা/কর্মচারীকে পে-রোল (pay roll) ভুক্ত থাকতে হবে অর্থাৎ চাকরিতে কর্মরত (active service) থাকতে হবে।
- ২-ক) যিনি/যারা সাময়িক বরখাস্তাধীন (under suspension) রয়েছেন তাদেরকে বোনাস প্রদান করা যাবে না। বিষয় নিষ্পত্তি হলে পৃথক অনুমোদনের ভিত্তিতে তা পরিশোধিত হবে।

৩.

২

চলমান পাতা-২



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড MEGHNA LIFE INSURANCE CO. LTD.

পাতা-২

- (খ) নিয়ম-শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম (disciplinary action) এর অধীন কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোনো বিষয় নিষ্পত্তির অপেক্ষায় থাকলে তাদেরকে এই বোনাস প্রদান করা যাবে না। বোনাস প্রদানের তারিখে যে সকল কর্মকর্তা/কর্মচারী দীর্ঘদিন যাবত (কমপক্ষে ১৫ দিন) অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন তারা বোনাস প্রাপ্য হবেন না। তাদের ক্ষেত্রে কর্তৃপক্ষ পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করবে।
- (গ) ২০২১ সালে কোম্পানীতে চাকরি করলেও ২০২১ সালের উৎসাহ বোনাস প্রদানের তারিখ অর্থাৎ ২০/১১/২০২২ বা তার পূর্বে যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী চাকরি থেকে ইস্তফা দিয়ে যথারীতি অব্যাহতি লাভ করেছেন বা করবেন এবং যারা ইস্তফাপত্র দাখিল করেছেন বা করবেন যা বর্তমানে প্রক্রিয়াধীন/বিবেচনাধীন রয়েছে/থাকবে তারা ২০২১ সালের উৎসাহ বোনাস প্রাপ্য হবেন না। এমনকি ৩১/১২/২০২১ এর পর যাদের চাকরি চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে এবং যথানিয়মে অব্যাহতি লাভ করেছেন তাদের বিষয়ও বিবেচিত হবে না।
- (ঘ) ২০২১ সালে বা বোনাস প্রদানের অব্যবহিত পূর্বে কোন কর্মকর্তা/কর্মচারী নৈতিকগত, অর্থ আত্মসাৎ কিংবা গুরুতর অনিয়মের জন্য চাকরিচ্যুত/বরখাস্ত (terminated/dismissed) হলে তিনি বোনাস প্রাপ্তিতে অযোগ্য বিবেচিত হবেন।
- ৩- ২০/১১/২০২২ তারিখ হতে বেতন প্রদানকারী কর্মকর্তা (Pay Disbursing Officer) যোগ্য (eligible) কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে বর্ণিত নীতিমালা অনুযায়ী দুইটি পূর্ণ/আনুপাতিক হারে উৎসাহ বোনাস প্রদান করবেন (to the debit of Expenditure A/c: Incentive Bonus)।


স্বাঃ/
(এন. সি. রুদ্র)
মুখ্য নির্বাহী কর্মকর্তা

বিতরণ :

সকল জোনাল অফিস/কম্পোজিট সার্ভিস সেন্টার,
একক বীমা/লোকবীমা/ইসলামী বীমা (ভাকাফুল) ডিভিশন,
মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোং লিঃ,
বাংলাদেশ।

অনুলিপিঃ

০১। চেয়ারম্যান, ০২। সকল ডিএমডি, প্রঃকাঃ, ০৩। সকল ইভিপি, প্রঃকাঃ, ০৪। ইভিপি (আইটি)-মেঘনা লাইফ পোর্টালে লিপিভুক্ত করা যেতে পারে, ০৫। কোম্পানী সেক্রেটারী, ০৬। সকল এসভিপি/ভিপি- প্রঃকাঃ, ০৭। সকল ডিভিপি/এভিপি, প্রঃকাঃ, ০৮। সকল সেকশন ইনচার্জ, প্রঃকাঃ, একক/লোক/ ইবীতা, ০৯। ফাইল।


(এন. সি. রুদ্র)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
৬ ৯ ১৬